তোমরা আমাকে আমার চাদরখানি দাও। যদি আমার নিকট এসব (অসংখ্য) কাঁটা গাছের সমান উঁট থাকত, তাহলে আমি তা তোমাদের মধ্যে বণ্টন ক’রে দিতাম। অতঃপর তোমরা আমাকে কৃপণ, মিথ্যুক বা কাপুরুষ পেতে না।

জুবাইর ইবনে মুতইম রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, তিনি হুনাইনের যুদ্ধ থেকে ফিরার সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে আসছিলেন। (পথিমধ্যে) কতিপয় বেদুঈন তাঁর নিকট অনুনয়-বিনয় ক’রে চাইতে আরম্ভ করল, এমন কি শেষ পর্যন্ত তারা তাঁকে বাধ্য ক’রে একটি বাবলা গাছের কাছে নিয়ে গেল। যার ফলে তাঁর চাদর (গাছের কাঁটায়) আটকে গেল। নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম থেমে গেলেন এবং বললেন, “তোমরা আমাকে আমার চাদরখানি দাও। যদি আমার নিকট এসব (অসংখ্য) কাঁটা গাছের সমান উঁট থাকত, তাহলে আমি তা তোমাদের মধ্যে বণ্টন ক’রে দিতাম। অতঃপর তোমরা আমাকে কৃপণ,
মিথ্যুক বা কাপুরুষ পেতে না।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

মক্কা ও তায়েফের মাঝে এক উপত্যকা হুনাইন থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ফিরেন, তখন তার সাথে ছিল জুবাইর ইবন মুত‘ইম রাদিয়াল্লাহু আনহু, লোকেরা তাঁর কাছে গণীমাতের মাল চাইতে চাইতে তার পিছু নিল। এমনকি তাকে বাধ্য করে সামূরাহ গাছের নিকট নিয়ে গেল। এটি কাঁটা বিশিষ্ট একটি জঙ্গলী গাছ। ফলে তাঁর চাদর গাছের কাঁটায় আটকে গেল। গ্রাম্য লোকেরা চাদরটি টেনে নিল। তখন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা আমাকে আমার চাদরখানি দাও। যদি আমার নিকট এসব (অসংখ্য) কাঁটা গাছের সমান উঁট, গরু ও ছাগল থাকত, তাহলে আমি তা তোমাদের মধ্যে বন্টন করে দিতাম। অতঃপর তিনি বললেন, যদি তোমরা আমাকে যাচাই করতে তবে তোমরা আমাকে কৃপণ, মিথ্যুক বা কাপুরুষ পবে না।”

https://sunnah.global/hadeeth/bn/show/5790